উপজেলা পরিষদ
জামালপুর সদর, জামালপুর।
**jamalpursadar.jamalpur.gov.bd**

আগষ্ট, ২০২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জিন্নাত শহীদ পিংকি |
| পদবী | : | প্রশাসক,উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর। |
| সভার তারিখ | : | ২৮ জুলাই, ২০২৪খ্রি:। |
| সময় | : | বিকাল ৩.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, জামালপুর সদর, জামালপুর। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো:-

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে তিনি সবাইকে অবহিত করেন যে, বিদ্দমান পরিস্থিতিতে গত ১৯ আগষ্ট, ২০২৪ খ্রি: তারিখের স্থানীয় সরকার মন্ত্রণালয়ের ৪৯৯ নং স্মারক মূলে স্ব স্ব উপজেলা পরিষদের নির্বাহী অফিসারগণকে প্রশাসক হিসাবে নিয়োগ প্রদান করা হয়েছে। প্রশাসক হিসাবে উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভাগওয়ারী আলোচনান্তে নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রঃ | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/সংস্থা |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর সভায় জানান, এ উপজেলায় করোনা ভ্যাকসিনের ও বুস্টার ডোজ টিকার লক্ষ্য মাত্রা সফলভাবে অর্জিত হয়েছে (১ম ডোজ ৯০.০৫%, ২য় ডোজ ৯০.৯৪%, ৩য় ডোজ ৬৬.২১% এবং ৪র্থ ডোজ ৯.৭৭%)। ০৯টি ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রের আগষ্ট, ২৪ মাসে আগত সেবা গ্রহীতার রোগীর সংখ্যা ১০,১৮৮ জন, ৬৩ টি কমিউনিটি ক্লিনিকে সেবা গ্রহীতার রোগীর সংখ্যা ৩৯,০৫৬ জন, গর্ভকালীন (এএনসি) সেবা গ্রহীতার রোগীর সংখ্যা ১,২২৮ জন, প্রসব পরবর্তী (পিএনসি) সেবা গ্রহীতার রোগীর সংখ্যা ৫৭৭ জন, ডায়রিয়া রোগীর সংখ্যা ৩২৫ জন এবং এ আর আই রোগীর সংখ্যা ৪৩৩ জন।তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে স্বশরীরে উপস্থিত থাকার জন্য বলা হলো। এছাড়া স্বাস্থ্য সেবার মান নিশ্চিত করণ সহ বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা জামালপুর সদর, জামালপুর। |
| ০২. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর সভায় জানান যে, জামালপুর সদর উপজেলায় বিভিন্ন ইউনিয়নে বর্তমানে ৩০,৪২০ হেক্টর জমিতে আমন ধান রোপন সম্পন্ন হয়েছে। এছাড়া রবি মৌসুমের পূর্বে স্বল্পকালীন মাসকালাই ডাল ফসল আবাদ বৃদ্ধির জন্য ৭০ জন কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ স্পন্ন হয়েছে। এছাড়া দেশের পূর্বাঞ্চলের বন্যা কবলিত এলাকায় আমন ফসল বিনষ্ঠ হওয়ায় জামালপুর সদর উপজেলায় ৪ বিঘা জমিতে আমনের চারা উৎপন্ন হচ্ছে যা উক্ত বন্যা কবলিত এলাকায় প্রেরণ করা হবে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সদস্যদের তৎপর থাকার সিদ্ধান্ত গৃহীত হলো এবং মাঠ পর্যায়ে কৃষকদের ফসলের বিভিন্ন সমস্যা সমাধানের পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার জামালপুর সদর, জামালপুর। |
| ০৩. | স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর, জামালপুর সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্ত এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপির থোক বরাদ্দ হতে মোট ৫,৭৩,৭০,৫৪৯ (পাঁচ কোটি তিয়াত্তর লক্ষ সত্তুর হাজার পাঁচশত উনপঞ্চাশ) টাকার উন্নয়ন কাজ সকলের সার্বিক সহযোগিতায় সুষ্ঠ ও সুন্দরভাবে বাস্তবায়ন করা হয়েছে। চলতি ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্ত বাবদ ৫,০৭,৯৭,৮৪৬ (পাঁচ কোটি সাত লক্ষ সাতানব্বই হাজার আটশত ছেচল্লিশ) টাকা উন্নয়ন তহবিলে স্থানান্তর করা হয়েছে।<br>উপজেলা প্রকৌশলী সভায় আরো বলেন যে, ২০২৪-২৫ অর্থ বছরের আওতায় রাজস্ব উদ্বৃত্তের অর্থ থেকে বিভিন্ন ইউনিয়নে বসবাসরত শারিরীক বিকারগ্রস্থ প্রতিবন্ধীদের চলাচলের সুবিধার জন্য হুইল চেয়ার ক্রয় বাবদ -২,০০,০০০ টাকা এবং বিভিন্ন ইউনিয়নের স্কুল এবং কলেজের শিক্ষার্থীদের জন্য ক্রীড়া সামগ্রী ক্রয় বাবদ-২,০০,০০০ টাকা ব্যয়ের প্রস্তাব পেশ করেন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>উপজেলা প্রকৌশলী সভায় আরো বলেন যে, পুকুরের উত্তর পার্শ্বে অবস্থিত বিএডিসি (বীজ) এর অব্যবহৃত পুরাতন গোডাউনটি ভাঙ্গার জন্য অনাপত্তি পত্র প্রেরণের জন্য উপ-পরিচালক, বিএডিসি (বীজ), জামালপুর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। দ্রুত সময়ের মধ্যে উক্ত গোডাউনটি ভাঙ্গার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থ বছরের আওতায় রাজস্ব উদ্বৃত্তের অর্থদ্বারা প্রতিবন্ধীদের জন্য হুইল চেয়ার ক্রয় বাবদ- ২,০০,০০০ টাকা এবং স্কুল কলেজের শিক্ষার্থীদের জন্য ক্রীড়া সামগ্রী ক্রয় বাবদ- ২,০০,০০০ টাকা প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>দ্রুত সময়ের মধ্যে বিএডিসি (বীজ) এর পরিত্যক্ত গোডাউনটি ভাঙ্গার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী জামালপুর সদর, জামালপুর<br>উপজেলা প্রকৌশলী জামালপুর সদর, জামালপুর |
| ০৪. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর সভায় বলেন, চামড়াজাত পণ্য ও পাদুকা শিল্প খাতের উন্নয়ন এবং রপ্তানী বৃদ্ধির লক্ষ্যে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায় পর্যন্ত নির্দিষ্ট স্থানকে কসাইখানা হিসেবে ব্যবহার নিশ্চিত করার জন্য প্রস্তাব পেশ করেন। এছাড়া তার দপ্তর থেকে গবাদি পশুর চিকিৎসা প্রদান করা হয়েছে-২৫৬০টি, হাস মুরগী-২৩,০৭৫টি, পোষা প্রাণী-১০টি, ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প করা হয়েছে-০৩টি, কৃত্রিম প্রজনন করা হয়েছে-১২৭৫টি এবং খামার পরিদর্শন ও পরামর্শ প্রদান করা হয়েছে-১০টি। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫. | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর সভায় বলেন যে, গত ৩০ জুলাই, ২০২৪খ্রিঃ হতে ০৫ আগষ্ট,২০২৪খ্রিঃ জাতীয় মৎস্য সপ্তাহ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জামালপুর সদর, জামালপুর |
| ০৬. | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, জামালপুর সদর, সভায় বলেন যে, সরকারী নির্দেশনা অনুযায়ী জামালপুর সদর উপজেলায় ২৪৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি বাতিল করা হয়েছে। বর্তমানে সবগুলো সরকারী প্রাথমিক বিদ্যালয়ের এডহক কমিটি গঠন প্রক্রিয়াধীন রয়েছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জামালপুর সদর, জামালপুর |
| ০৭. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, জামালপুর সদর, জামালপুর সভায় জানান যে, তাঁর দপ্তরে আগষ্ট, ২০২৪ মাসে সক্ষম দম্পতির সংখ্যা ১,৩৭,১২৩ জন, স্থায়ী জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণ করেছে ২৩৬ জন, দীঘমেয়াদী পদ্ধতি (আই.ইউ.ডি) ৪৫ জন, দীর্ঘমেয়াদী পদ্ধতি (ইমপ্ল্যান্ট) ১৬৭ জন, নরমাল ডেলিভারী সেবা প্রদান করা হয়েছে ১৮ জন এবং পদ্ধতি গ্রহণকারীর হার (সি.এ.আর) ৭৯.৫৮%। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে স্বাস্থ্য কেন্দ্রে আগত সেবা গ্রহীতাদের সেবার মান বৃদ্ধি করতে হবে এবং জনসংখ্যার ভয়াবহতা বৃদ্ধি রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা জামালপুর সদর, জামালপুর |
| ০৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জামালপুর সদর, জামালপুর সভায় বলেন অত্র বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে তবে কিছু কিছু শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের বিরুদ্ধে অভিযোগ পাওয়া যাচ্ছে যা ম্যানেজিং কমিটির মাধ্যমে আইনগত ভাবে সমাধানের চেষ্ঠা চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জামালপুর সদর |
| ০৯. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর সভায় বলেন যে, বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধি, হিজড়া, অনগ্রসর ভাতা ও প্রতিবন্ধি শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর শিক্ষা উপবৃত্তি প্রাপ্তদের ৪র্থ কিস্তির তিন মাসের পে-রোল প্রেরণ করা হয়েছে। পে-রোল প্রেরণের পরবর্তীতে অসাধু হ্যাকারদের প্রতারণার প্রবণতা বৃদ্ধি পায়। তাই সবাইকে ভাতাভোগীদের পিন নম্বর সর্তক রাখার জন্য অনুরোধ করা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক বিভাগীয় কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয় এবং পিন নাম্বার সম্পর্কে উপকার ভোগীদের সচেতনতা বৃদ্ধির জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জামালপুর সদর<br>২। চেয়ারম্যান........(সকল) ইউপি, জামালপুর সদর। |
| ১০. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর সভায় জানান, আগষ্ট/২৪ মাসে ঋণ বিতরণ করা হয়েছে ১.০০ লক্ষ টাকা এবং আদায় হয়েছে ৪.১১ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১১৩৬.৯১ লক্ষ টাকা এবং ক্রমপুঞ্জিত ঋণ আদায় ১০১৪.২১ লক্ষ টাকা। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঋণ বিতরণ ও আদায় বিষয়ে তৎপর থাকা সহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর সভায় বলেন যে, ২০২৩-২৪ অর্থ বছরের আওতায় ১ম, ২য় ও ৩য় পর্যায়ের টি.আর কাবিখা ও কাবিটার সকল কাজ শেষ হয়েছে। এছাড়া ৪০ দিনের কর্মসূচীর কার্যক্রম শেষ হয়েছে। গ্রামীণ ব্রিজের কাজ চলমান রয়েছে এবং মনিটরিং জোরদার করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক টি.আর, কাবিখার কাজ শতভাগ বাস্তবায়ন নিশ্চিতসহ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জামালপুর সদর,জামালপুর |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর সভায় জানান যে, তার দপ্তর থেকে চলতি অর্থ বছরে ঋণ বিতরণ করা হয়েছে ০০ টাকা এবং বর্তমান মাসে আদায়কৃত ঋণের পরিমাণ ২,২৮,০৫৬ টাকা। চলতি অর্থ বছরে প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ৪২০ জন এবং প্রশিক্ষন বাস্তবায়ন করা হয়েছে ৪২০ জন। নিবন্ধনকৃত যুব সংগঠন রয়েছে ১৫ টি। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঋণ বিতরণ এবং ঋণ গ্রহিতা যুব ও যুবতীদের ঋণের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে হবে এবং নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি অন্যান্য কার্যক্রম এর সুষ্ঠুভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর,জামালপুর |
| ১৩. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর সভায় বলেন যে, উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় দিগপাইত ও রানাগাছা ইউনিয়ন নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ এর ২৬৩ জন সদস্যদের মাঝে সর্বমোট বিতরণকৃত ঋণের পরিমাণ ৪,২০,০০,০০০ (চার কোটি বিশ লক্ষ) টাকা এবং আদায় যোগ্য ঋণের পরিমাণ ২,৪০,০০,০০০ (দুই কোটি চল্লিশ লক্ষ) টাকা। ঋণ আদায়ের হার ৪৯%। এছাড়া অত্র উপজেলায় ৮টি আশ্রয়ণ প্রকল্পের ঋণ বিতরণের পরিমাণ ৬৮,৭৩,০০০ (আটষট্টি লক্ষ তেহাত্তুর হাজার) টাকা এবং উক্ত মাসে আদায়কৃত ঋণের পরিমাণ ৪৭,৬১,৪৫৭ (সাতষট্টি লক্ষ একষট্টি হাজার চারশত সাতান্ন) টাকা। ঋণ আদায়ের হার ৬৪%। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সমবায় বিভাগের ঋণ বিতরণ কার্যক্রম ও আদায় নিশ্চিত করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা জামালপুর সদর,জামালপুর |
| ১৪. | উপজেলা মহিলা বিষয়ক কার্যালয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর সভায় বলেন যে, ভি ডব্লিউ বি খাদ্য বরাদ্দ না থাকায় জুলই ও আগষ্ট/২৪ মাসের খাদ্য বিতরণ করা সম্ভব হয়নি। বরাদ্দ পাওয়া গেলে তাৎক্ষনিক ব্যবস্থা নেওয়া হবে। এছাড়া মা ও শিশু সহায়তা কর্মসূচীর নতুন অর্থ বছরের বরাদ্দ পাওয়া যায়নি। প্রশিক্ষণ ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বাল্য বিবাহের সংবাদ পাওয়া মাত্রই ব্যবস্থা নেওয়া হচ্ছে এছাড়া গত মাসে দুই জন নারীকে আইনী সহায়তা দেওয়া হয়েছে। এবং মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় কর্তৃক | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জামালপুর সদর, জামালপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রশিক্ষণ প্রদান কার্যক্রমসহ বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | | |
| ১৫. | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জামালপুর সদর, জামালপুর সভায় জানান, "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় ৩৯০টি সাবমার্সিবল পাম্প বরাদ্দ পাওয়া গেছে এবং এর মধ্যে ৩৯০টি নলকূপের বোরিং কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া পিইডিপি-৪ প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৯৮টি ওয়াশ ব্লকের বরাদ্দ পাওয়া গিয়াছে। এবং ওয়াশ ব্লকের কাজ চলমান রয়েছে। পিইডিপি-৪ এর আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সাবমার্সিবল পাম্পযুক্ত অগভীর নলকূপ ও হ্যান্ড ওয়াশ বেসিন এর ২০০টি বরাদ্দ পাওয়া গিয়াছে এবং কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জামালপুর সদর, জামালপুর |
| ১৬. | উপজেলা পরিসংখ্যান বিভাগ। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর সভায় বলেন যে, তার দপ্তরের সকল কাজ সুষ্ঠু ও সুন্দর ভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জামালপুর সদর, জামালপুর |
| ১৭. | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জামালপুর সদর, জামালপুর সভায় অনুপস্থিত। তাছাড়া কোন প্রতিনিধি প্রেরণ করেন নাই। | সভায় নিয়মিত উপস্থিতি থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জামালপুর সদর,জামালপুর |
| ১৮. | উপজেলা আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর সভায় বলেন যে, তার দপ্তরের সকল কাজ সুষ্ঠু ও সুন্দর ভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা আনসারও ভিডিপি কর্মকর্তা জামালপুর সদর, জামালপুর। |
| ১৯. | উপজেলা পাট উন্নয়ন বিভাগ | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর সভায় বলেন যে, তার দপ্তরের সকল কাজ সুষ্ঠু ও সুন্দর ভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা জামালপুর সদর, জামালপুর। |
| ২০. | উপজেলা পিডিবিএফ বিভাগ। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জামালপুর সদর, জামালপুর সভায় অনুপস্থিত। তাছাড়া কোন প্রতিনিধি প্রেরণ করেন নাই। | সভায় নিয়মিত উপস্থিতি থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, জামালপুর সদর,জামালপুর |
| ২১. | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর সভায় বলেন যে, জামালপুর সদর উপজেলায় বিনামূল্যে ৫০০০টি বিভিন্ন প্রজাতির চারা বিতরণ করা হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | ফরেস্টার জামালপুর সদর,জামালপুর। |
| ২২. | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখাব্যবস্থাপক, পল্লীসঞ্চয়ব্যাংক, জামালপুর সদর, জামালপুর সভায় অনুপস্থিত। তাছাড়া কোন প্রতিনিধি প্রেরণ করেন নাই। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক জামালপুর সদর, জামালপুর। |
| ২৩. | তথ্য কেন্দ্র | উপজেলা তথ্য কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর সভায় অনুপস্থিত। তাছাড়া কোন প্রতিনিধি প্রেরণ করেন নাই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | তথ্য আপা জামালপুর সদর,জামালপুর। |
| ২৪. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ), জামালপুর সদর, জামালপুর সভায় জানান, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ৬ষ্ঠ পর্যায়ের জন্য ৪০ (চল্লিশ লক্ষ) টাকার ০৩(তিন) টি প্রকল্পের বাস্তবায়ন সন্তোষজনক। উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) জামালপুর সদর, জামালপুর। |
| ২৫. | বিএডিসি (সেচ) | সহকারী প্রকৌশলী (সওকা) বিএডিসি, জামালপুর সভায় বলেন যে, ২০২৩-২৪ অর্থ বছরের এ উপজেলায় ইউপিভিসি বারিড পাইপ লাইনের মাধ্যমে ৩৮টি গভীর নলকূপ দ্বারা ৯০০ হেক্টর, ০৪ টি এলএলপি দ্বারা ৯০ হেক্টর এবং ২টি সৌর বিদ্যুৎ চালিত ডাগওয়েল দ্বারা সেচ সুবিধা প্রদান করা হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী (সওকা) বিএডিসি, জামালপুর জোন জামালপুর ও সদস্য-সচিব উপজেলা সেচ কমিটি, সদর, জামালপুর। |

<table>
<tr>
<td>২৬.</td>
<td>বিবিধ</td>
<td>
<u>(ক) উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের অনুমোদন:</u><br><br>
সভায় গত ১৫ জুলাই, ২০২৪ খ্রি: তারিখ হতে ২৭ আগষ্ট, ২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত উপজেলা পরিষদের নিম্নবর্ণিত খাতসমূহ হতে বিভিন্ন খরচের ব্যয়ের বিষয়ে আলোচনা করা হয়েছে এবং উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন করার জন্য প্রস্তাব পেশ করেন। নিম্নে ব্যয়ের খাত ও টাকার পরিমান সভায় উপস্থাপন করা হলো:-<br>
<table>
<tr><th>ব্যয়ের খাত</th><th>টাকা</th></tr>
<tr><td>চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানী ভাতা</td><td>৯৯,০০০</td></tr>
<tr><td>আনসারের বেতন</td><td>৮,৩৩৩</td></tr>
<tr><td>আপ্যায়ন ও অফিস স্টেশনারী</td><td>৪২,৯৬০</td></tr>
<tr><td>মালি ও পরিচ্ছন্নতাকর্মীর মজুরী প্রদান</td><td>২৪,২০০</td></tr>
<tr><td>বিদ্যুৎ বিল পরিশোধ</td><td>৩০,০০০</td></tr>
<tr><td>অপ্রত্যাশিত খাত থেকে সাহায্য প্রদান</td><td>৯৯,০০০</td></tr>
<tr><td>আফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত</td><td>২২,৮০০</td></tr>
<tr><td>ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত</td><td>২৩,২৭৮</td></tr>
<tr><td>অফিস ও বাসাবাড়ী মেরামত</td><td>৬০,৯২৮</td></tr>
<tr><td>চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের টি.এ ডি.এ</td><td>৪৫,৫০০</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>৪,৫৫,৯৯৯</td></tr>
</table>
কথায় : (চার লক্ষ পঞ্চান্ন হাজার নয়শত নিরানব্বই) টাকা মাত্র।<br>
এমতাবস্থায়, উল্লিখিত বিবরণ মোতাবেক খাতওয়ারী ব্যয়িত টাকা উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন করা যেতে পারে।
</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ী মেরামত/সংরক্ষণ খাতের অনুচ্ছেদ নং ৩ এর-ক, অপ্রত্যাশিত খাতের অনুচ্ছেদ নং-ঘ, অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত খাতের অনুচ্ছেদ নং-চ, আনসার নিরাপত্তা খাতের অনুচ্ছেদ নং-ম, আপ্যায়ন ও অফিস ষ্টেশনারী অনুচ্ছেদ নং-জ, ঝ এবং পানির পাম্প মেরামত খাতের অনুচ্ছেদ নং-ট, তাছাড়া অন্যান্য খাতসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক খাতওয়ারী ৪,৫৫,৯৯৯ (চার লক্ষ পঞ্চান্ন হাজার নয়শত নিরানব্বই) টাকা ব্যয় পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>প্রশাসক, উপজেলা পরিষদ জামালপুর সদর, জামালপুর।</td>
</tr>
<tr>
<td></td>
<td></td>
<td>
<u>(খ) উপজেলা পরিষদের অডিটরিয়াম এর নাম করন:</u><br><br>
উপজেলা পরিষদের অডিটরিয়াম কাম মাল্টিপারপাস হল রুমের নাম করনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে বলা হয় স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অর্থায়নে সমগ্র বাংলাদেশের ন্যায় জামালপুর সদর উপজেলা পরিষদের অভ্যন্তরে একটি দুইশত আসন বিশিষ্ট অডিটরিয়াম কাম মাল্টি পারপাস হলরুম নির্মাণ করা হয়েছে। স্থানীয় সরকার মন্ত্রণালয় থেকে অডিটরিয়াম কাম মাল্টি পারপাস হলরুমের আলাদা ভাবে কোন নামকরন করার নির্দেশনা না থাকায় অডিটরিয়ামটি উপজেলা পরিষদ হলরুম নামে নাম করণ করার প্রস্তাব পেশ করেন।
</td>
<td>বিস্তারিত আলোচনান্তে, জামালপুর সদর উপজেলা পরিষদের অডিটরিয়াম কাম মাল্টি পারপাস হলরুমটি "উপজেলা পরিষদ হলরুম" নামে নামকরণ করার প্রস্তাব সর্বসম্মত্তিক্রমে গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী, জামালপুর সদর, জামালপুর।</td>
</tr>
</table>

অত:পর সভায় যে সকল আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপস্থিত সদস্যগণকে অনুরোধ জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভা সমাপ্ত ঘোষণা করেন।


(জিন্নাত শহীদ পিংকি)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
মোবাইল নম্বর ০১৭০৯-৯৭০০৫০
E-mail: unojamalpur@mopa.gov.bd


স্মারকনং-০৫.৪৫.৩৯৩৬.০০২.০৬.০০১.২৪- তারিখ : ১৩ শ্রাবন, ১৪৩১ বঙ্গাব্দ / ২৮ আগষ্ট, ২০২৪ খ্রি:।

<u>কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:-</u>

১। উপজেলা..........................................................................অফিসার, জামালপুর সদর, জামালপুর।
২। চেয়ারম্যান.......................................................................ইউনিয়ন পরিষদ (সকল), জামালপুর সদর, জামালপুর।
৩। জনাব..............................................................................সদস্য, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

উপজেলা নির্বাহী অফিসার
জামালপুর সদর, জামালপুর
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, জামালপুর সদর
জামালপুর।

স্মারকনং-০৫.৪৫.৩৯৩৬.০০২.০৬.০০১.২৪-১০৮৮(ক)

তারিখ ১৩ শ্রাবন, ১৪৩১ বঙ্গাব্দ
২৮ আগষ্ট, ২০২৪ খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৫। মেয়র/প্রশাসক, জামালপুর পৌরসভা, জামালপুর।
৬। অফিস কপি।